

আরএসডিসি-র সাথে সমঝোতাপত্র স্বাক্ষর করলো ইকফাই

কামালঘাট, ২৫ জুলাই।। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়ুয়াদের সামগ্রিক দক্ষতা বৃদ্ধি ও তাদের জন্য অধিক কর্মসংস্থানের সুযোগ করে দিতে রাবার ছিল ডেভেলপমেন্ট কাউন্সিলের সাথে এক সমঝোতাপত্র স্বাক্ষর করেছে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। রাবার ছিল ডেভেলপমেন্ট কাউন্সিল বা আরএসডিসি হচ্ছে ন্যাশনাল ছিল ডেভেলপমেন্ট কাউন্সিলের অধীনস্থ একটি সংস্থা। সমঝোতাপত্র অনুযায়ী, ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের পড়ুয়াদের জন্য জাতীয় মানের আদলে রাবার প্রযুক্তি সম্পর্কিত বিশেষ কোর্স তৈরী করবে রাবার ছিল ডেভেলপমেন্ট কাউন্সিল। এই কোর্স বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপণায় চালু ও রূপায়িত হবে। অন্যদিকে, আরএসডিসি ন্যাশনাল ছিল ডেভেলপমেন্ট কাউন্সিলের অন্য সদস্যদের সাথে মিলে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের শিক্ষার গুণমান ও দক্ষতা বৃদ্ধির চেষ্টা চালাবে। এই কোর্স সাফল্যের সাথে শেষ করতে পারলে সংশ্লিষ্ট পড়ুয়ারা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ বি.টেক ডিগ্রী অর্জনের পাশাপাশি আরএসডিসি-র তরফ থেকেও আনাদা শংসাপত্র পাবে। এরফলে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের রাবার শিল্প ও সংযুক্ত অন্যান্য ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ বাড়বে।

প্রসঙ্গত, অল ইন্ডিয়া রাবার ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন এবং অটোমোবাইল টায়ার ম্যানুফ্যাকচারার অ্যাসোসিয়েশনের উৎসাহেই আরএসডিসি সারাদেশে প্রচলিত বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমঝোতাপত্র স্বাক্ষর করেছে। এগুলির মধ্যে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা অন্যতম। সমঝোতাপত্রে বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার। আরএসডিসি-র পক্ষে স্বাক্ষর করেন সংস্থার মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মেঘনা মিশ্র। উল্লেখ্য, সামগ্রিকভাবে পড়ুয়াদের শিক্ষামূলক অগ্রগতি, দক্ষতা বৃদ্ধি ও অধিক কর্মসংস্থানের লক্ষ্যে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা আইআইটি-বহু, আইআইটি-দিল্লি, এডাপট টেকনোলজিস প্রাইভেট লিমিটেড এবং আইভিআইএ চ্যাবিটেল ট্রাস্টের সাথে চলতি বছরেই সমঝোতাপত্র স্বাক্ষর করেছে।

24 CM.

আরএসডিসি-র সাথে সমঝোতাপত্র স্বাক্ষর করলো ইকফাই

কামালঘাট, ২৫ জুলাই।। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং পড়ুয়াদের সামগ্রিক দক্ষতা বৃদ্ধি ও তাদের জন্য অধিক কর্মসংস্থানের সুযোগ করে দিতে রাবার ছিল ডেভেলপমেন্ট কাউন্সিলের সাথে এক সমঝোতাপত্র স্বাক্ষর করেছে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা। রাবার ছিল ডেভেলপমেন্ট কাউন্সিল বা আরএসডিসি হচ্ছে ন্যাশনাল ছিল ডেভেলপমেন্ট কাউন্সিলের অধীনস্থ একটি সংস্থা। সমঝোতাপত্র অনুযায়ী, ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের পড়ুয়াদের জন্য জাতীয় মানের আদলে রাবার প্রযুক্তি সম্পর্কিত বিশেষ কোর্স তৈরী করবে রাবার ছিল ডেভেলপমেন্ট কাউন্সিল। এই কোর্স বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপণায় চালু ও রূপায়িত হবে। অন্যদিকে, আরএসডিসি ন্যাশনাল ছিল ডেভেলপমেন্ট কাউন্সিলের অন্য সদস্যদের সাথে মিলে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের শিক্ষার গুণমান ও দক্ষতা বৃদ্ধির চেষ্টা চালাবে। এই কোর্স

সাফল্যের সাথে শেষ করতে পারলে সংশ্লিষ্ট পড়ুয়ারা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ বি.টেক ডিগ্রী অর্জনের পাশাপাশি আরএসডিসি-র তরফ থেকেও আনাদা শংসাপত্র পাবে। এরফলে বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের রাবার শিল্প ও সংযুক্ত অন্যান্য ক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগ বাড়বে। প্রসঙ্গত, অল ইন্ডিয়া রাবার ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন এবং অটোমোবাইল টায়ার ম্যানুফ্যাকচারার অ্যাসোসিয়েশনের উৎসাহেই আরএসডিসি সারাদেশে প্রচলিত বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমঝোতাপত্র স্বাক্ষর করেছে। এগুলির মধ্যে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা অন্যতম। সমঝোতাপত্রে বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন উপাচার্য অধ্যাপক বিপ্লব হালদার। আরএসডিসি-র পক্ষে স্বাক্ষর করেন সংস্থার মুখ্য কার্যনির্বাহী আধিকারিক মেঘনা মিশ্র। উল্লেখ্য, সামগ্রিকভাবে পড়ুয়াদের শিক্ষামূলক অগ্রগতি, দক্ষতা বৃদ্ধি ও অধিক কর্মসংস্থানের লক্ষ্যে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা আইআইটি-বহু, আইআইটি-দিল্লি, এডাপট টেকনোলজিস প্রাইভেট লিমিটেড এবং আইভিআইএ চ্যাবিটেল ট্রাস্টের সাথে চলতি বছরেই সমঝোতাপত্র স্বাক্ষর করেছে।